



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নির্বাহী পরিচালকের কার্যালয়

তুলা উন্নয়ন বোর্ড

মনিটরিং শাখা

খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।

www.cdb.gov.bd

কৃষিই সমৃদ্ধি



স্মারক নম্বর: ১২.০৭.০০০০.১০৫.৯৯.০০১.১৭-.২৫

তারিখ: ৭ আষাঢ় ১৪২৯

২১ জুন ২০২২

বিষয়: চলতি ২০২২-২৩ মৌসুমে তুলা চাষের লক্ষ্যমাত্রা অর্জন সংক্রান্ত।

চলতি ২০২২-২৩ মৌসুমে তুলা উন্নয়ন বোর্ড কর্তৃক ৪৬ হাজার হেক্টর জমিতে তুলা চাষ লক্ষ্যমাত্রা নির্ধারন করা হয়েছে। এ ছাড়াও রাজস্ব ও উন্নয়ন বাজেটের আওতায় প্রদর্শনী, পার্টিসিপেটরী রিসার্চ, অন-ফার্ম ট্রায়ালসহ নানাবিধ কার্যক্রমের লক্ষ্যমাত্রা যথারীতি নির্ধারন করা হয়েছে। গবেষণা খামার/কেন্দ্র সমূহে গবেষণা মৌল ও ভিত্তি বীজ উৎপাদনের লক্ষ্যমাত্রাও ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে। কার্যক্রমসমূহ বাস্তবায়নের সকল প্রস্তুতি সম্পন্ন গ্রহন করা হয়েছে। তুলা চাষীদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করে নিবিড় পর্যবেক্ষনের মাধ্যমে সময়োপযোগী ও প্রয়োজনীয় পরামর্শ প্রদান করে বিঘা প্রতি কমপক্ষে ১৬ মণ ফলন নিশ্চিত করতে হবে। আসন্ন ২০২২-২৩ মৌসুমের তুলা চাষ, তুলা গবেষণা ও বীজ উৎপাদনের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য অত্র বোর্ডের সকল কর্মকর্তা/কর্মচারীকে অবশ্যই স্ব-স্ব কর্মস্থলে অবস্থান জরুরী। কর্মস্থলে সার্বক্ষণিক অবস্থান ব্যতিত লক্ষ্যমাত্রা অর্জন কিছুতেই সম্ভব নহে। কাজেই তুলা উন্নয়ন বোর্ডের মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা/কর্মচারীকে সার্বক্ষণিক ভাবে কর্মস্থলে উপস্থিত থেকে সম্প্রসারণ, গবেষণা ও বীজ উৎপাদন কাজ সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। তুলা উন্নয়ন বোর্ডের মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা কর্মচারীকে আগামী ৩০ অক্টোবর, ২০২২ খ্রিঃ পর্যন্ত সার্বক্ষণিক ভাবে কর্মস্থলে উপস্থিত থেকে কার্যক্রমসমূহ বাস্তবায়ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। কেবল মাত্র জরুরী প্রয়োজনে ছুটি প্রয়োজন হলে স্ব-স্ব অফিস প্রধান ও সংশ্লিষ্ট উপ-পরিচালকের অনুমতি ক্রমে ছুটি ভোগ করতে হবে এবং সংশ্লিষ্ট উপ-পরিচালকগন জোন, রিজিয়ন ও খামার/ গবেষণা কেন্দ্রে জরুরী প্রয়োজনে ছুটি ভোগকারী কর্মকর্তা/কর্মচারীদের তালিকা প্রতি মাসে প্রথম সপ্তাহে সদর দপ্তরকে অবহিত করবেন। জরুরী প্রয়োজনে ছুটি ভোগকারী দায়িত্ব পাশ্ববর্তী/নিকটবর্তী কর্মকর্তা/কর্মচারীর নিকট বুদ্ধিয়ে দিতে হবে। এ বিষয়ে কোন ব্যত্যয় ঘটলে বা লক্ষ্যমাত্রা অর্জিত না হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহন করা হবে।

বিষয়টি অতীব জরুরী।

২১-৬-২০২২

মোঃ আখতারুজ্জামান

নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব)

বিতরণ :

১) প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, তুলা উন্নয়ন বোর্ড, জোনাল কার্যালয়

(সকল)

২) তুলা গবেষণা প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার এবং তুলা গবেষণা

কেন্দ্র (সকল)


স্মারক নম্বর: ১২.০৭.০০০০.১০৫.৯৯.০০১.১৭-.২৫/১(৭)

তারিখ: ৭ আষাঢ় ১৪২৯

২১ জুন ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ), অতিরিক্ত পরিচালক-এর দপ্তর, তুলা উন্নয়ন বোর্ড
- ২) উপপরিচালক, উপপরিচালক-এর দপ্তর, তুলা উন্নয়ন বোর্ড
- ৩) উপ-পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক কার্যালয় (সকল)
- ৪) আইসিটি শাখা, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ঢাকা (তুলা উন্নয়ন বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।



২১-৬-২০২২

মুহাম্মদ মোফাজ্জল হোসেন
সিনিয়র জিনিং অফিসার